

2 0 1 7

BENGALI

( Modern Indian Language )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) দিনের বেলা পেশাওয়ার ইংরেজের, রাতে \_\_\_\_\_।  
(শূন্যস্থান পূর্ণ করো)
- (খ) 'সামোভার' শব্দের অর্থ কী ?
- (গ) পাঠানদের মাতৃভাষা কী ?
- (ঘ) কাবুল থেকে বেগ্রাম উপত্যকা কত দূরের পথ ?
- (ঙ) "মাত্র একটি লোক নির্ভয়ে কাবুলের সব সমাজে অবাধে গত্যাত করতেন।" এখানে কার কথা বলা হয়েছে ?
- (চ) রাজদূতাবাসে কে লেখককে পুশকিনের গীতিকাব্য আবৃত্তি করে শুনিয়েছিলেন ?
- (ছ) 'ভৌগোলিক' কী জাতীয় শব্দ, বিশেষ্য না বিশেষণ ?

(জ) পদ পরিবর্তন করো (যে কোনো একটি) :

দেহ ; পৃথিবী ।

(ঝ) বানান সংশোধন করো (যে কোনো একটি) :

পৌরহিতা ; গরিয়সি ।

(ঞ) শুদ্ধ রূপটি নির্ণয় করো :

আনুসঙ্গিক ; আনুষঙ্গিক ; অনুসঙ্গিক ; আনুষঙ্গিক ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) আফগানিস্থানের বড় শহর কয়টি? আফগানিস্থানের শীতকালীন রাজধানী কী?

(খ) পাঠানদের দুটি গোষ্ঠীর নাম লেখো ।

(গ) ‘উত্তর’ অথবা ‘অম্বর’—যে কোনো একটি শব্দের দুটি ভিন্ন ভিন্ন অর্থ লেখো ।

(ঘ) নিম্নলিখিত বানান যুগলের মধ্যে কোন দুটি শুদ্ধ, লেখো :

মনোযোগ—মনযোগ ; হৃৎপিণ্ড—হৃদপিণ্ড ।

(ঙ) ‘অধুনা’ ও ‘উপকৃত’—এই দুটি শব্দের পদ পরিবর্তন করো ।

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) “পাঠানের জুতা তাই লোহার মৌজায়িক ।” লেখক কোন প্রসঙ্গে কেন একথাটি বলেছেন, আলোচনা করো ।

- (খ) “কাবুলের দুই নম্বরের দ্রষ্টব্য তার বাজার।” ‘দেশে বিদেশে’ গ্রন্থ অনুসরণে কাবুলের বাজারের বর্ণনা দাও।
- (গ) দক্কা দুর্গে লেখকের যে অভিজ্ঞতা হয়েছিল তার বর্ণনা দাও।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) যে কোনো দুটি বাস্তবিক অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো : ২½×২=৫
- কলুর বলদ ; অমাবস্যার চাঁদ ; গোবর গণেশ ; দহরম মহরম।

- (খ) যে কোনো দুটি শব্দের দুটি ভিন্ন ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো : ২½×২=৫
- কাল ; দল ; পত্র ; বর।

(গ) বাক্যগত অশুদ্ধি সংশোধন করো : ১×৫=৫

- (১) তিনি সপরিবারে বেড়াতে গেলেন।
- (২) রামচন্দ্র সাষ্টাঙ্গ সহকারে মাতা কৌশল্যাকে প্রণাম করলেন।
- (৩) দারিদ্র্যতার জন্য সে কলেজে পড়তে পারেনি।
- (৪) অখিল আসমুদ্রহিমাচল পর্যন্ত ভ্রমণ করেছে।
- (৫) গ্রামের সকলেই রাম ও রহিমের সখ্যতার কথা বলে।

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) ‘দেশে বিদেশে’ গ্রন্থ অনুসরণে আফগান দেশের মানুষদের আতিথেয়তার বর্ণনা দাও।

- (খ) কাবুলের চাষ-আবাদ সম্বন্ধে লেখকের বক্তব্যটি নিজের ভাষায় লেখো ।
- (গ) কলকাতা থেকে পেশাওয়ার পর্যন্ত লেখকের যাত্রাপথের বর্ণনা দাও ।
- (ঘ) বগদানফ সাহেব চরিত্রটি আলোচনা করো ।

৬। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) পদের বিশিষ্ট প্রয়োগ বলতে কী বোঝ ? বিশেষ্য ও বিশেষণের দুটি করে বিশিষ্ট প্রয়োগের উদাহরণ দাও এবং উদাহরণগুলো অবলম্বন করে বাক্য রচনা করো ।

$$২+৪+৪=১০$$

- (খ) অশুদ্ধি সংশোধন বলতে কী বোঝ ? সন্ধিঘটিত, গন্ধঘটিত, ষত্বঘটিত এবং যুক্তাক্ষরঘটিত অশুদ্ধির প্রতিটির দুটি করে উদাহরণ দাও ।

$$২+২+২+২+২=১০$$

৭। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো : ১০

- (ক) তোমার প্রিয় গ্রন্থ
- (খ) অসমের অর্থনীতিতে কুটিরশিল্পের ভূমিকা
- (গ) সমাজ গঠনে ছাত্রসমাজের ভূমিকা
- (ঘ) তোমার কোনো ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা

\*\*\*